


অনলাইনে শিশুর
তথ্য গোপন রাখতে
করণীয়



Digital
Literacy
Center



ভাবী তুমি কী ইউটিউব কিডস-এ
বল্টুর নামে অ্যাকাউন্ট করেছো?

হ্যাঁ
তোমরা না বললে
ইউটিউব কিডস
ভালো হবে।

শোনো আমি তো জানি এমন অ্যাপ
বা ওয়েবসাইট ব্যবহারের কাজে
শিশুর যাবতীয় তথ্য দিতে হয়।

তাই বলতে চাচ্ছি তথ্যের গোপনীয়তা রক্ষা না করায়
বল্টুর ব্যক্তিগত তথ্য চলে যেতে পারে কুচক্রের হাতে
এবং পরিণামে ঘটতে পারে অপহরণ ও মুক্তিপণ দাবী
অথবা পাচারের মত ন্যাকারজনক ঘটনা।

তাই আমাদের অবশ্যই অনলাইনে
বল্টুর তথ্য গোপন রাখার ব্যাপারে
সতর্ক থাকা উচিত।

ভালো কথা
বলেছো তো। একটু বলবে
কীভাবে অনলাইনে বল্টুর
তথ্য গোপন রাখতে
রাখা যেতে পারে?

বলছি শোনো,

একান্ত প্রয়োজন না হলে বল্টুর তথ্য (নাম,
বয়স, জন্ম তারিখ ইত্যাদি) প্রদান করা উচিত
না। বাবা-মা মানে তোমাদের নিজেদের তথ্য
দিয়ে বল্টুর জন্য অ্যাপ ও ওয়েবসাইটসমূহে
অ্যাকাউন্ট খুলে দিতে পারো।

যে অনলাইন মাধ্যমে বল্টুর তথ্য দেয়া
হচ্ছে (অ্যাপ/ওয়েবসাইট) তার যথার্থতা
ও নির্ভরযোগ্যতা যাচাই করতে হবে।

মাধ্যম যদি সুপরিচিত না হয় অথবা অপরিচিত
হয়, সেক্ষেত্রে মাধ্যমগুলোতে বল্টুর তথ্যাবলী
প্রদান করা থেকে বিরত থাকা উচিত।

বিভিন্ন অ্যাপ/ওয়েবসাইটে প্রদত্ত বল্টুর তথ্য যাতে সকলের কাছে দৃষ্টিগোচর না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

প্রয়োজনবোধে কেবল পরিচিত আত্মীয়-স্বজনদের কাছে তথ্যগুলো প্রদর্শনযোগ্য রাখা যেতে পারে। কিন্তু কোনভাবেই অপরিচিত মানুষকে সেগুলো দেখানো যাবে না।

শিক্ষামূলক ও বিনোদনমূলক অ্যাপ/ওয়েবসাইটে বল্টুর তথ্য দিয়ে অ্যাকাউন্ট খুললে প্রোফাইলটি লুকিয়ে রাখা উচিত এবং প্রোফাইলের প্রাইভেসি আরো কঠোর করা উচিত।

আচ্ছা
তারপর?

তারপর বল্টুকে কখনোই চোখের আড়ালে অনলাইন মাধ্যমসমূহ ব্যবহার করতে দেয়া যাবে না।

বল্টু যাতে এগুলো ব্যবহারের সময় অবশ্যই বাবা-মা, বড় ভাই-বোন বা অন্য কোনো অভিভাবকের সামনে থাকে সেটি নিশ্চিত করতে হবে।

অপরিচিত এবং অবাঞ্ছিত কেউ যাতে বল্টুর সাথে যোগাযোগ করতে না পারে সেদিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে।

বল্টুকে সহজ ভাষায় তার যাবতীয় তথ্যের গোপনীয়তা বুঝাতে হবে। যাকে-তাকে নিজের সম্পর্কে তথ্য দেয়ার ব্যাপারে সতর্ক করতে হবে।

অপরিচিত মানুষকে নিজের ব্যাপারে তথ্য দিলে কী কী বিপদাপদ ঘটাবার সম্ভাবনা থাকতে পারে সেই ব্যাপারে অবহিত করতে হবে।

এভাবে
কখনো ভাবিনি।
তোমাকে অনেক
ধন্যবাদ

তোমাকেও
ধন্যবাদ ভাবী।